Personally, there have been many mornings when discipline looked less like devotion and more like a quiet negotiation with myself. The world waited, the mind rushed ahead, and yet the mat remained where it had been the day before. Sitting down on such mornings taught me that discipline is not always heroic—it is often ordinary and almost unnoticed. There were phases in my practice when discipline felt heavier than inspiration, when the breath resisted, the mind wandered, and stillness felt distant. Yet it was precisely during those uninspired days that I learned what discipline truly meant—not persistence toward an experience, but faith in the process itself.

Over time, I realized that whatever depth I experienced in Kriya Yoga did not arrive on days of heightened enthusiasm, but on days shaped quietly by discipline. The practice deepened not because I tried harder, but because I returned—day after day—without expecting anything extraordinary.

Based on my personal experience, I can say with conviction that discipline slowly builds trust—both in the practice and in oneself. The fruits of discipline in Kriya Yoga often appear late, but when they do, one realizes how far one has travelled from the starting point.
My key takeaways after all these years of practice:

- Showing up on dull days matters more than inspired days.
- Trust grows when we keep our inner appointments.
- Over time, discipline reduces inner negotiation and resistance.
- Eventually, discipline stops feeling like effort.

With time, discipline feels less like effort and more like support. It helps you stay with the practice on dull days, through doubt, and during long phases when nothing seems to move. And then, without making a fuss, something shifts. The breath softens, the mind settles a little, and life feels easier to handle. In Kriya Yoga, discipline is not about mastering the breath; it is about learning to return to it—again and again—until returning itself becomes natural.

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

My Journey with Kriya Yoga: Bridging Body, Mind, and Spirit

- Rajesh Jha

Before I discovered Kriya Yoga, I had explored many forms of meditation. Each had its benefits, but none led me as deep as Kriya Yoga did. Meditation often focuses on the mind, but the mind is subtle and challenging to master. Kriya Yoga, however, starts with the body, then the nervous system, and finally the mind, making it a holistic journey inward.

For example, practices like navi kriya help turn your senses inward, calming the body and the nervous system. Then, focusing on the breath and the spinal cord activates the vagus nerve, bringing you into a state of deep relaxation. As the body and nervous system calm, the mind can settle. It's like stopping the pedaling of a bicycle: without emotional "pedals," thoughts slow down and true stillness emerges.

What sets Kriya Yoga apart is that it meets you where you are. Lahiri Mahasaya taught that consistent practice naturally brings ethical living (yama and niyama) into alignment, unlike other techniques that require strict rules upfront. With the grace of the guru and the initiation (diksha), Kriya Yoga acts like a spark plug igniting spiritual evolution.

Ultimately, Kriya Yoga is perfect for householders. You can manage daily life, family, and work while still evolving spiritually without renouncing the world. In fact, facing life's challenges helps you transform and find that inner stillness amid everyday life.

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

Dear seekers!





Gurudev's renowned Bengali book "Kriya Yoga: Jiggyasa O Mimangsha" is now available in Hindi and English. The books are available for purchase from Ashram Website!

"Durga Puja Celebration @ RYKYM"

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

ওঁ গুরু

-অনিতা মুখার্জী

গুরু ব্রহ্মা, গুরু বিষ্ণু,
গুরুদেব মহেশ্বর।
গুরু মাতা, গুরু পিতা,
গুরু হলেন সর্বদাতা।।
গুরু জ্ঞান, গুরু গীতা,
গুরু জীবের পরিত্রাতা।।
গুরু ভক্তি, গুরু মুক্তি,
গুরু মোদের সর্বশক্তি।
'কূটস্থ চৈতন্য' রূপে
গুরু বিরাজেন "অজ্ঞা চক্রে"।
ব্রহ্মা রূপে সৃষ্টি করেন,
বিষ্ণু রূপে পালন করেন,
সংহার রূপী শিব হয়ে,
শোধন করেন সর্বজনে।।
গুরু রূপে গ্রহণ করেন,
উদ্ধার করেন সন্তানদের।।
জয় গুরু, জয় গুরু, জয় গুরু

 © 2011-26 RYKYM.org All Rights Reserved



গুরুদেব কে যেমন দেখেছি

- শিউলি গাঙ্গুলি

নিবেদন

গুরুদেব এর স্বরূপ ভাষায় আঁকতে পারি এমন ক্ষমতা আমার নেই। তবু তাঁর কৃপা সম্বল করে তাঁকে যতটুকু দেখেছি তাই লেখার এই ক্ষুদ্র প্রয়াস। তাঁর সদা প্রসন্নময় ভাব, তাঁর শুভ্র করুণাময় মূর্তি যা কিনা হৃদয়ে অঙ্কিত হয়ে থাকে তা লিখে বোঝাতে গিয়ে কোথাও যদি কিছু ত্রুটি হয়ে থাকে সে জন্য আগেই মার্জনা ভিক্ষা করে রাখলাম।

প্রভুর চরণে
শিউলি গাঙ্গুলি

প্রথম পরিচয়

সেদিন ছিলো দুর্গা পূজার ষষ্ঠী, 2012 সাল। এর আগে আমি কখনও বাড়ীর দুর্গা পূজা দেখিনি, যা দেখেছি সবই সর্বজনীন দুর্গোৎসব তাই ঐন্দ্রী ওর বাড়ীতে দুর্গাপূজা তে আমাকে যেতে বলেছিল। আমার দুই ছোটো মেয়ে নিয়ে আমি গেলাম দুর্গাপূজা দেখতে। সেই প্রথম বাড়ির দুর্গাপূজা দেখার সাথে সাথে সেই প্রথম দেখা হলো গুরুদেব এর সাথে। সেই শান্ত , সমাহিত স্নিগ্ধ রূপ! প্রথম দেখাতেই মনে হলো গুরুদেব কে আগেও দেখেছি - খুবই চেনা মনে হচ্ছে কিন্তু আগে সত্যিই কখনও দেখা হয়নি।

প্রনাম করলাম, কিছু সাধারণ কথার পর গুরুদেব জানতে চাইলেন আমার দীক্ষা নিতে ইচ্ছা হয় কিনা! শুনে খুব ভয় পেলাম, বললাম,"নিতে তো ইচ্ছা হয় কিন্তু ভয় করে নিতে। দীক্ষা নিলে যদি আর সংসার করতে না পারি?" গুরুদেব হাসলেন, বললেন "তোমাকে কি আমি আনন্দময়ী মা হতে বলেছি?" শুনে আমার ও লজ্জা লাগলো, চুপ করে রইলাম। আসলে কৈশোর বয়স থেকেই আমি রামকৃষ্ণ কথামৃত, বিবেকানন্দ রচনাবলী এইসব পড়ি, স্বামীজীর লেখাতে ধ্যান, রাজযোগ সমন্ধে পড়ে সে গুলো করবার ও প্রবল ইচ্ছা হতো যদিও জানতাম প্রকৃত গুরু ছাড়া এইসব করা যায় না কিন্তু মনে একটা দ্বিধা ছিলো - মনে হতো ইশ্বর কে যদি খুব মন দিয়ে ডাকতে যাই তাহলে সংসারের হিসাব নিকাশ তো আর করে উঠতে পারবনা! চাওয়া পাওয়ার ঊর্ধ্যে উঠে গেলে সংসার করবো কিভাবে? আমার দীক্ষা না নিতে চাওয়ার কারণ শুনে গুরুদেব হেসেছিলেন, বলেছিলেন "তোমাকে আমি দীক্ষা নিতে বলেছি, তোমাকে কি আমি আনন্দময়ী মা হতে বলেছি?" আজ ১০ বছরের ওপর হয়ে গেছে দীক্ষা নিয়েছি, আজ বুঝি গুরুদেব সেদিন কেন হেসেছিলেন, এতই কি সহজ চাওয়া-পাওয়ার উর্ধ্বে ওঠা! মহামায়া কি সহজে পথ ছাড়েন? তাঁকে ডাকার তাঁর সাথে যুক্ত হওয়ার চেষ্টা টুকুও যদি করা যায়, সেও গুরুকৃপারই ফল। সেই দিন দুবেজী মহারাজের লেখা "ক্রিয়াযোগ রহস্য" বইটি মা নিজে হাতে আমাকে পড়তে দিয়েছিলেন। ক্রিয়াযোগ সমন্ধে জানার জন্য। বইটির মধ্যে গুরুদেবের একটি ছবি লাগানো ছিল, আর তাতে গুরুদেব নিজে হাতে লিখে দিয়েছিলেন, "শিউলি গাঙ্গুলীকে গুরুদেবের আশীর্বাদ"।

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

বাড়িতে এসে বই থেকে ছবিটি খুলে আমি আমার পুজা র জায়গায় রাখি। মনে হয় আমার প্রাণের গভীর থেকে আমি জন্ম জন্ম ওনাকে চিনি, কি এক অপরিসীম টান সে ঠিক লিখে বোঝানো যাবে না। এরপর থেকে আমি প্রতিদিন পূজা করার সময় গুরুদেবের চরণেও ফুল দিয়ে পূজা করি। কিন্তু গুরুদেবের ছবির দিকে বেশিক্ষণ তাকাতে পারি না, তাকালেই মনে হয় উনি আমার দিকে চেয়ে হাসছেন, উনি আমাকে ডাকছেন। একদিকে প্রবল টান গুরুদেবের কাছে যাবার অন্যদিকে সমানে মনে হতো সাধনা করতে গেলে সংসার আর করে উঠতে পারবনা , সংসার থেকে মন উঠে গেলে বাচ্চারা ছোট, ওদের মানুষ করব কিভাবে!

দুর্গা পূজার ষষ্ঠী 2013

মাঝে এক বছর কেটে গেছে। আমার দ্বিধাগ্রস্থ মন দীক্ষা নিয়ে উঠতে পারেনি, আবার একটা দুর্গাপূজার ষষ্ঠীর দিন এসে গেছে। এবারেও একইভাবে গুরুদেবের বাড়িতে গেছি। তবে এবার শুধু আমি নয়। আমি আমার দুই বাচ্চা আর আমাদের আরেক বন্ধু, সেও এসেছে তার দুটো ছোট বাচ্চা নিয়ে। গুরুদেবের সাথে আমরা সবাই কথা বলছি, ইচ্ছা শক্তি কি ধ্যান কি এইসব প্রসঙ্গে। অন্যদিকে আমাদের সবকটা বাচ্চা সমানে দৌড়াদৌড়ি করতে করতে একদম ছোটো জন যে, সে রাস্তায় চলে গেছে। অবাক হয়ে দেখলাম আমরা মা হয়েও কথা প্রসঙ্গে অন্যমনস্ক হয়ে খেয়াল করতে পারিনি হুড়োহুড়ি করতে করতে বাচ্চাগুলো রাস্তায় চলে যাচ্ছে কিন্তু গুরুদেব ঠিক খেয়াল করেছেন, বললেন "তাড়াতাড়ি যাও , ওকে ধরো , ও রাস্তায় চলে যাচ্ছে।"

বুঝতে পারলাম যিনি ঈশ্বরের সঙ্গে যুক্ত থাকেন তাঁর সংসার আমাদের থেকে অনেক অনেক বড়। তিনি সকলের খেয়াল রাখেন। তিনি সকলের আশ্রয়স্থল হন। পরবর্তীকালে যত গুরুদেবকে দেখেছি তত বুঝেছি তিনি মহীরুহের মতন তাঁর সমস্ত শিষ্য শিষ্যাকে তাঁর কৃপায় আশ্রয় দেন। আর মূর্খ আমি ভাবছিলাম দীক্ষা নিলে যদি সংসারে মন না দিতে পারি ! পরবর্তীকালে গুরুদেবের কাছে দীক্ষা নেবার পর বুঝেছি দীক্ষা নিলে, ক্রিয়া করলে আমাদের মন উচ্চতর উপলব্ধিতে যুক্ত হয় , যাতে আমরা সংসারের সংকীর্ণ "শুধু আমার" ভাবনা থেকে মুক্ত হয়ে যাই। স্বার্থ চিন্তা যত কম হয় সংসারও তত সুন্দর হয়। আমার দ্বিধাগ্রস্ত মন গুরু কৃপায় স্থির হয়ে যায়এবং 2013 সালে নভেম্বর মাসে গুরুকৃপায় আমার ক্রিয়া দীক্ষা হয়।

8/1/2017 রবিবার

আজ উত্তর পাড়াতে পরম গুরুদেবের জন্ম তিথির অনুষ্ঠান ছিল , সারাদিন ওখানেই ছিলাম। কি যে ভালো লেগেছে বোঝাতে পারবো না। প্রথমে ঠাকুরের গান তারপরে অনেক ভক্ত শিষ্য তাদের ক্রিয়া করার অনুভূতি ব্যাখ্যা করলেন। একজন শিষ্য ব্যাখ্যা করলেন , সামনে উপলব্ধির বোধে এগোতে গেলে নাভীক্রিয়া খুব ভালোভাবে করতে হবে। আর একটা কথা অনেকদিন ধরে ভাবতাম, আজ এই ভক্ত সম্মেলনে তার উত্তর পেয়ে গেলাম। অনেকদিন লক্ষ্য করেছি গুরুদেবের কাছে গেলে বিশেষ কিছু বলে উঠতে পারি না, কেমন যেন একটা আনন্দময় অনুভূতি হয় কিছু বলতে ইচ্ছা হয় না। আজ একজন জ্ঞানী ভক্ত বললেন,"সদগুরু কিভাবে বুঝবেন?

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

যাঁর কাছে গেলে মন স্থির হয়ে যায়, প্রশ্ন করতে হয়না, উত্তর নিজেই চলে আসে তিনিই সৎগুরু।" কথাটা শুনে খুব ভালো লাগলো।

6/10/17 শুক্র বার

মাঝে অনেক বারই গুরুদেব এর কাছে গেছি কিন্তু লেখা হয়নি। গতকাল লক্ষী পূজা ছিলো, দুদিন আগে গুরদেবকে ফোন করে আজকে যাবার অনুমতি নিয়েছিলাম। গিয়ে দেখি গুরুদেব একতলার শিব মন্দির প্রাঙ্গণ ধুচ্ছেন! হাসি মুখে বসতে বলে বললেন,' বিজয়া দশমীতে সবাই সিঁদুর খেলেছে তাই অনেক দাগ হয়ে গেছে সেই গুলো পরিষ্কার করছি "। অবাক হয়ে ভাবি যাঁর শত শত ভক্ত তাঁর চরণ ধোবার জন্য ব্যস্ত হয়ে থাকে তিনি নিজেই মন্দির ধুচ্ছেন! কিছু পরে আরো দুজন ভক্ত শিষ্যা এলেন। কথা প্রসঙ্গে গুরুদেব তাদের নিয়মের বেড়াজাল ভাঙ্গার কথা বলছিলেন। আমি তখন জানতে চাইলাম যে মেনে নেয় বা ভরসা করে থাকে সেই সঠিক কিনা! গুরুদেব বললেন," ভরসা করে থাকা ভালো। কিন্তু কাজ করে যেতে হবে"। অর্থাৎ ভরসা করার অর্থ এই নয় যে কাজ না করে ভরসা করে বসে থাকবে। তাঁর ওপর বিশ্বাস নিয়ে সমস্ত কর্ম সব সময় করে যেতে হবে।

13/7/2022 বুধবার

আজ গুরু পূর্ণিমা। উত্তরপাড়ার জয়কৃষ্ণ লাইব্রেরীতে অনুষ্ঠিত হলো গুরুপূর্ণিমার অনুষ্ঠান। গুরুদেবের চরণে শিষ্যভক্তরা পদ্ম নিবেদন করল আমিও করলাম। কতজন স্তোত্র পাঠ করলেন,ক্রিয়ার অনুভূতি ব্যাখ্যা করলেন খুবই ভালো লাগলো। সবশেষে গুরুদেব বললেন। গুরুদেব বলছিলেন তার ওপর পরম গুরুর নির্দেশ ছিল মানুষের মঙ্গল করবার, যারা তার কাছে আসবে তাদের মঙ্গল দেখবার। বাকিদের দেখার জন্যও তিনিই ব্যবস্থা করবেন। যাদের ভালো হচ্ছে তাদের শক্তিই গুড়ুদেবকে দিয়ে করিয়ে নিচ্ছে ভালো টা। আরও বললেন ঈশ্বরকে জানতে হলে গুরুকে জানতে হয় আবার গুরুকে জানতে হলেও ঈশ্বরকে জানতে হয়। ঈশ্বরই গুরুদেব কে বুঝিয়ে দেন।

20/1/2024 শনিবার

আজ গুরুদেবের বাড়ী গিয়েছিলাম। ইচ্ছা হয় প্রতিমাসে একবার করে তাঁর দর্শন করে আসি। আসলে গুরুদেবের বাড়ী আমার কাছে বেনারস ভ্রমণ! গঙ্গার ধারে প্রভু স্বয়ং বিরাজ করছেন,গেলে খুব আনন্দ হয়।

মনে মাঝে মধ্যে একটা দ্বিধা কাজ করে - একদিকে মনে হয় গুরুদেবের চরণে পূর্ণ সমর্পণই আসল,শুদ্ধা ভক্তি নিয়ে থাকবো আবার অন্যদিকে মনে হয় তৃতীয় ক্রিয়া ঠিকমতোহচ্ছে না ,আমি বোধহয় পারছি না ঠিক মতো!শুধু তাকে ভক্তি ভালোবাসা দিয়ে ডাকলেই হবে! তার দেখানো পথে ঠিক ভাবে এগোবার চেষ্টাও তো করতে হবে! গুরুদেব বললেন এসব না ভাবতে।

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

তাঁর কাছে বলতে, তিনিই করিয়ে নেবেন। জিজ্ঞাসা করলাম ঈশ্বর উপলব্ধি কি? গুরুদেব বললেন আনন্দময় অবস্থাই ঈশ্বর উপলব্ধির যখন সবার প্রতি ভালোবাসা আসবে যখন মনে হবে সবার মধ্যেই তিনিই আছেন সেই তো ঈশ্বরের উপলব্ধি।

11/5/2024 শনিবার

আজ গুরুদেবের বাড়ি গিয়েছিলাম। প্রভু দর্শন করলে মন খুব আনন্দে ভরে যায়। অনেক শিষ্য, শিষ্যা এসেছিলেন। গুরুদেবকে জিজ্ঞাসা করলাম যেই ভালোভাবে দু চার দিন ধ্যান করি, ক্রিয়া করি,তারপর আবার আলস্য এসে যায় , ঘুম থেকে উঠতে দেরি হয়ে যায়। কেন এমন হয়! মনে হয় আমি তমোগুণী। গুরুদেব বললেন, "যখন তুমি দেখতে পাচ্ছো তোমার তমোগুনকে তখন তুমি দর্শক। যখন আলস্য করে বসে থাকা হয়, তখন সেটা তমোগুন, সেটা থেকে বের হবার চেষ্টা রজোগুন আর যখন দর্শক হিসাবে সেটাকে বিশ্লেষণ করা হয় তখন সেটা স্বত্ত্বগুন।" গুরুদেব এও বললেন নিজের intellect অনুসারে প্রশ্ন করতে হয়, নিজেকে ছোটো করতে নেই ।

6/7/2024 শনিবার

আজ গুরুদেবের কাছে অল্প কয়েকজন মাত্র পুরানো শিষ্য ছিলেন, সামনের 21 তারিখ রবিবার গুরুপূর্ণিমা, সেইজন্য তারা সেইদিনের অনুষ্ঠান সংক্রান্ত বিষয়ে আলোচনা করছিলেন ।

গুরুদেবকে জিজ্ঞাসা করলাম, " মাঝেমধ্যে উৎকণ্ঠা কেন হয়? আবার মনকে শান্ত করে যখন ভাবি- যে হৃদয়ে প্রভুর বাস সেখানে উৎকণ্ঠ কেন ? তখন আবার সব ঠিক হয়ে যায়। কিন্তু এরকম হওয়া তো উচিত নয়। ধ্যান করি এমন কেন হবে?" গুরুদেব বললেন, " সব সময় আজ্ঞাচক্রে থাকো কি?" উত্তর দিলাম, "না বাবা, থাকি না। শুধু ধ্যানের সময় থাকি।" গুরুদেব বললেন, "তবে! মন যখন আজ্ঞা চক্রে থাকে তখনই স্থির থাকে, বাকি সময় তো মাঝের গুলোতেই ঘোরাফেরা করছে। তাই জন্যই উৎকণ্ঠাও আসছে। কিছু একটা হলেই ভাবছো, তুমি এটা পারবে কিনা! তাই উৎকণ্ঠাও হচ্ছে।এরকম হলে deep breath নেবে।" গুরুদেব আরও বললেন, "বেশী চিন্তা করোনা,সব ঠিক থাকবে।"

সমস্ত শিষ্যের ওপর গুরুদেবের অসীম ভালোবাসা, অপার কৃপা। শুধু ভালোবাসা বললে ভুল হবে, সম্মানযুক্ত ভালোবাসা। আমরা যে যত সামান্যই হই তবু তার কাছে সবাই সমান। সকলকেই তিনি সমান গুরুত্ব দেন। তাঁর কৃপা অনুভব করেনি এমন কোন শিষ্য বা শিষ্যা হয়তো নেই। সংসার এবং গৃহ ও যে দেবালয় হয়ে উঠতে পারে তা গুরুদেবকে না দেখলে ধারণা করতে পারতাম না।

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

21/7/24 রবিবার

আজ মিশনের গুরুপূর্ণিমার অনুষ্ঠান ছিল। খুব আনন্দে কাটলো আজকের দিন। ঠাকুরের গান ,কথা, শিবতান্ডব স্তোত্রপাঠ,বিষ্ণু সহস্র নাম ,গুরু বন্দনা, সবই হলো। ক্রিয়া নিয়ে অনেক শিষ্য খুব সুন্দর করে বললেন।গুরুদেব আজকের এই পূণ্য তিথিতে ওনার গুরুদেব সমন্ধে বলতে গিয়ে বললেন- উনি বলতেন, "কেন তোমাদের কাছে আসি, জানো! তোমাদেরকে গুরু বানাতে"।অর্থাৎ তোমরা প্রত্যেকেই নিজের গুরু হয়ে ওঠো। ক্রিয়া করে নিজেকে এমন জায়গায় নিয়ে যাও যাতে নিজেই নিজেকে সঠিকভাবে পরিচালনা করতে পারো।

13/9/2025 শনিবার

আজ গুরুদেবের বাড়ি গিয়েছিলাম, এখন প্রায় শনিবারই উত্তরপাড়া যাই। ভালো লাগে যেতে । কিছুই বলি না,গুরুদেব যা বলেন সবাইকে তাই শুনি। শুনতে ভালো লাগে। গুরুদেবের বাড়ির কাছে এলেই মনটা কেমন একটা ভালো লাগাতে ভরে যায়। আনন্দময় প্রভাবে মন আবিষ্ট হয়ে থাকে, তাই যাই । গুরুদেবের সমস্ত কথার অন্তর্নিহিত অর্থ থাকে। মন দিয়ে শুনে বোঝবার চেষ্টা করি। উনি সবসময় মজা করে অনেক কথা বলেন কিন্তু ভালো করে শুনলে বোঝা যায় এর অনেক গভীর অর্থ আছে।

আজ একজন শিষ্য তার ব্যক্তিগত অভিজ্ঞতার কথা বলছিলেন , একদিন উনি ধ্যান করছিলেন সাপ ঢুকেছিল ঘরে। হাতের উপর দিয়ে চলে গেছে। উনি খুবই ভয় পেয়েছিলেন, কিন্তু সাপ কিছুই করেনি। গুরুদেব প্রথমে মজা করলেন ওনার সাথে, বললেন , "এইসব লিখে আরেকটু অলৌকিকতা জুড়ে দাও। দেখবে বই দারুন বিক্রি হবে"। সবাই হাসছিল শুনে । পরে বললেন, মানুষ যখন ঈশ্বরকে ধরে থাকে তখন তার মধ্যে হিংসা বা অনিষ্ঠকারী কোন ভাব কাজ করে না। প্রাণীদের অনুভব শক্তি খুব বেশি, তাই তারা অনুভব করে যে এ আমার কোন ক্ষতি করবে না ,সেই কারণে সাপ বা অন্য কোন যন্তু সাধককে আক্রমণ করে না। গুরুদেব আজ আরো একটা কথা বললেন দীক্ষা সময়ে গুরু তার শক্তি দিয়ে শিষ্যের আধার অনুযায়ী তাকে শক্তি দেন। কিন্তু শিষ্য যদি সেই সাধনার চর্চা না করে তবে তা ক্রমশ ক্ষীণ হয়ে নিঃশেষ হয়ে যায়।

গুরুদেবের কথাটা ভাবতে ভাবতে মনে হল সবটাই বিজ্ঞান। যেমন স্থিরচুম্বকের সান্নিধ্যে এলে লোহা magnetized হয় কিন্তু সেই বলয় থেকে সরিয়ে নিলেই তার ম্যাগনেটিজম চলে যায়। কিন্তু ক্রমাগত যদি তার মধ্যে electricity flow করানো হয় সময়ের সাথে সাথে সেই লোহা স্থির চুম্বকে পরিণত হয়। তাই হে মন কএমন সাধনার চেষ্টা করো যাতে স্থিরচুম্বক হতে পারো। পরিশেষে এটুকুই বলার যে সামান্য লেখা দিয়ে গুরুদেবের কথা বোঝাতে পারি তেমন সাধ্য এই শিষ্যার নেই। তাঁর কৃপা প্রতিমুহূর্তে অনুভব হয়। শিষ্যের হৃদয় তার স্থান । কলমের সাধ্য কি তার বর্ণনা করে !

গুরুদেবের চরণে প্রণাম জানিয়ে এই লেখার প্রথম পর্ব শেষ করলাম।

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

শূন্য থেকে ...অনন্তের পথে

- অমিত চ্যাটার্জি

জুলাই ২০২৫-এর 'অন্বেষণ'-এ গুরুদেব-এর কিছু কথা পড়ে চমৎকৃত হই। গুরুদেব লিখছেন:

"অতিচেতন অবস্থায় কর্মী অনন্ত শক্তিতে পরিবর্তিত হয়, ফলে যোগের এক চরম অবস্থায় অবস্থিতি হয়।..... সব ব্যক্তিগত চাহিদাই শূন্যে লীন হয়ে যায়। এই অনন্ত রূপ অবস্থায় বিষয় ও বিষয়ী এক হয়ে যায়। তখন সাধক নিজেই গুরু নিজেই শিষ্য, নিজেই স্রষ্টা ও সৃষ্ট; তখন সব ক্লেশই নাশ হয়ে যায়। **(Vol 2, Issue 6)**"

খুব স্থুলভাবে বিচার করলে বলা যায়, শূন্য অর্থাৎ অঙ্কের শূন্য, যার চিহ্ন বৃত্তের মতো। আর অনন্ত অর্থাৎ অসীম বা ইনফিনিটি, যার চিহ্ন ইংরেজির '8' অক্ষরের মতো। শূন্য থেকে অনন্ত কীভাবে হয়ে যায়, এর সাথে ক্রিয়াযোগের সম্পর্ক কী? এর সত্যিই কি কোনো বৈজ্ঞানিক ভিত্তি আছে? এই সকল প্রশ্ন যখন মনকে তীব্র নাড়া দিচ্ছে, বিচলিত হয়ে পড়েছে সমগ্র সত্তা, তখন নিরুপায় হয়েই লাহিড়ী বাবার শরণ নিই। বাহ্যিক ভাবে যতই নিজেকে বিজ্ঞানের ছাত্র হিসেবে প্রচার করি—অন্তরে তো জানি আমার বিদ্যার দৌড় কতটা।

তাই নিরুপায় হয়ে সর্বপ্রথম সেটাই করলাম, যা কোনো কিছু খুঁজতে হলে আজকাল প্রায় সবাই করে থাকে—গুগল সার্চ। গীতার কোথায় কোথায় অনন্তের উল্লেখ আছে, সেটাই ছিল মূল প্রশ্ন। প্রথম যে শ্লোকটি খুঁজে পেলাম, সেটি ভীষণই আকর্ষণীয়। সেখানে ভগবান কৃষ্ণ অর্জুনকে বলছেন [১]:

अनन्तश्चास्मिनागानां वरुणीयादसामहम् |
पितृणामर्यमाचास्मि यम: संयमतामहम् || १०/२९||

অর্থ: সাপদের মধ্যে আমি অনন্ত; জলজ প্রাণীদের মধ্যে আমি বরুণ। প্রয়াত পূর্বপুরুষদের মধ্যে আমি অর্যম; আইন প্রণেতাদের মধ্যে আমি মৃত্যুর অধিপতি যমরাজ।

এই শ্লোক থেকে বোঝা যায় যে অনন্ত ঈশ্বরেরই একটি রূপ। কিন্তু এই “অনন্ত” শব্দটি কি শুধুই একটি নাম? নাকি এর অর্থ কেবল এতটুকুই—যার পরিমাপ করা যায় না? এমনও তো হতে পারে যে এটি নিছকই একটি দার্শনিক উপদেশ, যার কোনো কার্যকর বা ক্রিয়াত্মক দৃষ্টিভঙ্গি নেই।

এই দ্বন্দ্বটাই তখন মনে ঘুরপাক খেতে শুরু করল। ঠিক সেই সময়েই মনে পড়ল—আমি তো অনন্তদেবের মূর্তি আগে দেখেছি। সেই মূর্তিতে উপরের অংশে রয়েছে সপ্তমুখী সর্প, আর নিচের অংশে স্পষ্টভাবে একটি ইনফিনিটি চিহ্ন। দক্ষিণ ভারতের অধিকাংশ মন্দিরেই এই রূপে অনন্তদেবের মূর্তি প্রতিষ্ঠিত রয়েছে। অর্থাৎ, ইনফিনিটি সিম্বল এবং “অনন্ত” শব্দ—দুটো যে গভীরভাবে পরস্পরের সঙ্গে যুক্ত, তার একটি দৃশ্যমান ও সাংস্কৃতিক প্রমাণ আমাদের সামনেই আছে।

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

এতদূর পর্যন্ত তো বোঝা গেল, কিন্তু গীতায় “শূন্য”-এর উল্লেখ কোথায় আছে? যদি একটি বিন্দু আরেকটি বিন্দুকে কেন্দ্র করে বৃত্তাকার পথে ঘুরতে থাকে, তাহলে সেই গতি থেকে শূন্যের চিহ্ন (০) তৈরি হয়। যাঁরা গুরুদেব বা দুবেজির বই পড়েছেন, তাঁরা জানেন—ক্রিয়ার একটি বিশেষ অবস্থায় চক্রাকার প্রদক্ষিণ ঘটে। এই অবস্থারই বর্ণনা গীতার এই শ্লোকটিতে পাওয়া যায়, যেখানে কথক হলেন অর্জুন—অর্থাৎ শিষ্য:

নম: পুরস্তাদথ পৃষ্ঠতস্তে
নমোऽস্তু তেসর্বত এবসর্ব || ১১/৪০||

অর্থ: আপনাকে সামনে এবং পেছন থেকে নমস্কার। প্রকৃতপক্ষে, সর্বত্রতোমাকে নমস্কার হোক, তুমি সর্বত্র ব্যাপ্ত, তাইতুমিই সব। অর্থাৎ, যদি কোনো ব্যক্তি কেন্দ্রে দাঁড়িয়ে চারদিকের দিকে প্রণাম করে, তবে পরিধির সমস্ত বিন্দুকে যুক্ত করলে একটি বৃত্তই তৈরি হয়। এর পূর্ববর্তী শ্লোকে দুটি গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে:

ত্বমাদিদেব: পুরুষ: পুরাণস্-
ত্বমস্য বিশ্বস্যপরং নিধানম্ |
বেত্তাসি বেদ্যংচ পরংচ ধাম
ত্বয়া ততংবিশ্বমনন্তরুপ || ১১/৩৮||

অর্থ: তুমি আদিদেব, চিরন্তন পুরুষ, তুমিই এই সমগ্র বিশ্বের পরম আশ্রয় ও আধার। তুমিই জ্ঞানী, তুমিই জানার যোগ্য পরম সত্য, আর তুমিই পরম ধাম। হে অনন্তরূপ! এই সমগ্র বিশ্ব তোমার দ্বারাই পরিব্যাপ্ত।

নমোনমস্তেऽস্তু সহস্রকৃত্ব:
পুনশ্চ ভূয়োऽপিনমো নমস্তে || ১১/৩৯||

অর্থ: তোমাকে সহস্রবার প্রণাম, পুনরায় এবং আবারও তোমাকে প্রণাম। অর্থাৎ, অর্জুন ভগবানের অনন্ত রূপকে প্রণাম করছেন। যদি শূন্য রূপে প্রণাম করা একটি ক্রিয়াত্মক প্রক্রিয়া হয়, তবে অনন্ত রূপে প্রণাম করাও অবশ্যই একটি ক্রিয়াত্মক প্রক্রিয়াই।

ক্রিয়াবান মাত্রই অবগত যে নাগ বা সর্প হলো কুণ্ডলিনী শক্তির প্রতীক। এই সর্প যখন অনন্ত রূপ ধারণ করে, সেই অবস্থাকেই লাহিড়ী বাবা ‘যথার্থ ব্রাহ্মণ’ বলে উল্লেখ করেছেন। এ পর্যন্ত গীতার আলোকে শূন্য ও অনন্তের ক্রিয়াত্মক ব্যাখ্যা পাওয়া যায়। এই ক্রিয়াত্মক ব্যাখ্যাই প্রকৃতি ও বিজ্ঞানের আলোতেও যথার্থভাবে প্রমাণিত হওয়া উচিত—এই প্রত্যাশাই এখান থেকে স্বাভাবিকভাবে উঠে আসে।

 © 2011-26 RYKYM.org All Rights Reserved



চিত্র ১: অনন্তদেব

হনুমান সম্পর্কে আমরা সকলেই অবগত। রাম—অর্থাৎ কূটস্থ ব্রহ্ম—তাঁর সর্বশ্রেষ্ঠ ভক্ত হিসেবে হনুমান জগতে পরিচিত। যখন হনুমান শিক্ষার বয়সে পৌঁছালেন, তখন তিনি সূর্যদেবের কাছে প্রার্থনা করলেন—"ভগবান, আমাকে শিক্ষা দিন।" সূর্যদেব প্রথমে দ্বিধায় পড়লেন, কারণ তাঁর পক্ষে থেমে থেকে শিক্ষা দেওয়া সম্ভব ছিল না; তাঁর পথ ছিল নিরবচ্ছিন্ন, অবিরাম গতি। হনুমান তা বুঝতে পেরে বললেন—"আপনি চললে আমিও চলব। আমি থামব না। আপনি যেখানে থাকবেন, আমিও সেখানেই থাকব।"

এই কথাটিকে আক্ষরিকভাবে ধরলে মনে হয়—হনুমান সূর্যের সঙ্গে উড়ে উড়ে শিক্ষা গ্রহণ করেছিলেন। আধুনিক সিনেমা বা সিরিয়ালেও ঘটনাটি এভাবেই দেখানো হয়। কিন্তু এই ঘটনার মধ্যে কি সত্যিই কোনো গভীর ক্রিয়া বা তত্ত্ব লুকিয়ে নেই—যা সহজ বুদ্ধিতে ধরা পড়ে না? যেমন, নারায়ণকে প্রদক্ষিণ করার অর্থ যদি কোনো বাহ্যিক স্থানকে ঘিরে ঘোরা না হয়ে আমাদের শরীরেরই একটি বিশেষ ক্ষেত্রকে কেন্দ্র করে প্রদক্ষিণ করা হয়, তেমনই সূর্যের গতিপথ অনুসরণ করার অর্থও এক ভিন্ন ধরনের ক্রিয়াপদ্ধতি হতেই পারে।

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

সেই গতিপথের রূপ বা আকৃতি কেমন? যদি কেউ অত্যন্ত ধৈর্য সহকারে প্রতিদিন একই সময়ে এক বছর ধরে সূর্যকে পর্যবেক্ষণ করে, তবে সে বুঝতে পারবে—সূর্যের অবস্থান প্রতিদিন একই জায়গায় থাকে না। বরং প্রতিদিন সামান্য সামান্য করে সরে যায় এবং এক বছরের শেষে আকাশে একটি ইনফিনিটি বা অসীম আকৃতি তৈরি করে। আকাশে গঠিত এই অসীম চিহ্নকেই বলা হয় সোলার অ্যানালেমা (Solar Analemma) [২]।

সূর্যের অ্যানালেমা তৈরি হয় মূলত দুই কারণে। প্রথমত, পৃথিবীর ঘূর্ণন অক্ষ কাত হওয়া। পৃথিবীর অক্ষ সোজা না হয়ে ২৩.৫ ডিগ্রি হেলে আছে, তাই সারা বছর সূর্য কখনো আকাশে উঁচু দেখা যায়, আবার কখনো নিচে। এই কারণে অ্যানালেমার উপর–নিচে লুপ তৈরি হয়। দ্বিতীয়ত, পৃথিবী সূর্যকে প্রদক্ষিণ করার সময় একদম গোল পথে ঘোরে না, পথটা একটু লম্বাটে বা উপবৃত্তাকার। তাই পৃথিবীর গতি কখনো একটু বেশি, কখনো একটু কম হয়। এ কারণে সূর্যকে প্রতিদিন একই সময়ে দেখলে মনে হয় সে একটু পূর্বে বা পশ্চিমে সরে গেছে। এই দিক বদলানো অংশই অ্যানালেমার ডান–বাম বক্রতা তৈরি করে। এই দুই কারণ মিলে এক বছরের শেষে সূর্যের অবস্থানগুলো একত্র করলে অসীমের মতো আকৃতি দেখা যায়, যেটাই হলো অ্যানালেমা।

চিত্র ২: আকাশে সূর্যের অবস্থান থেকে গঠিত অসীম (∞) আকৃতির রেখা (Solar Annalema).

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

তাহলে বোঝা গেল—এক বছর ধরে সূর্যের গতিপথকে নিয়মিত ও সচেতনভাবে পর্যবেক্ষণ করলে "অনন্ত"-কে উপলব্ধি করা যায়। হনুমান সূর্যের সঙ্গে আক্ষরিক অর্থে উড়ে উড়ে শিক্ষা নেননি। বরং তিনি সূর্যের গতি, নিয়ম, ছন্দ ও পুনরাবৃত্তির মধ্য দিয়ে যে গভীর ক্রিয়ামূলক জ্ঞান নিহিত আছে, সেটিকেই আত্মস্থ করেছিলেন।

এটা তো গেল প্রকৃতিতে অনন্তের ঘূর্ণন। কিন্তু প্রশ্ন হলো—আধুনিক বিজ্ঞানে কি এমন কিছু আছে? উত্তর হলো: হ্যাঁ, আছে—এবং শুধু আছে তাই নয়, অনন্তের এই ঘূর্ণন আধুনিক বিজ্ঞানের বহু মৌলিক স্তম্ভের সঙ্গেই জড়িত।

কয়েক বছর আগে আমি অমিতাভ দত্তদার "মানসপুত্র" নামক প্রবন্ধটি পড়ে জানতে পেরেছিলাম —বায়োকেমিস্ট্রির এক বিজ্ঞানী দুবেজি মহারাজকে জেনেটিক্সের একটি বই খুলে ক্রিয়ার পদ্ধতিগুলি দেখিয়েছিলেন। এই ঘটনাটি আমার মনে গভীরভাবে দাগ কেটেছিল, কারণ এখানে আধুনিক জীববিজ্ঞান ও আধ্যাত্মিক ক্রিয়ার মধ্যে এক অদ্ভুত সেতুবন্ধন দেখা যায়। তাই বিষয়টিকে যদি বৈজ্ঞানিক দৃষ্টিকোণ থেকে ধরতে হয়, তবে জেনেটিক্স দিয়েই শুরু করাই সবচেয়ে স্বাভাবিক ও যুক্তিসঙ্গত হবে।

আমরা সাধারণত যে DNA দেখি তা সোজা লম্বা (linear)। কিন্তু ব্যাকটেরিয়া, মাইটোকন্ড্রিয়া, ক্লোরোপ্লাস্ট ইত্যাদির DNA বৃত্তাকার [৩]। সোজা DNA-এর দুই প্রান্ত স্থির নয়—জলে ভাসমান ফিতার মতো নড়ে। এক সময় দুটি প্রান্ত একই স্থানে চলে আসতে পারে। DNA লিগেজ নামক enzyme দু'টি প্রান্তকে রসদ দিয়ে জোড়া লাগিয়ে দেয়। ফলে DNA আর সোজা থাকে না, পরিপূর্ণ একটি বৃত্ত হয়ে যায়। বৃত্তাকার DNA তৈরি হলে একটি বড় নিয়ম তৈরি হয়: বৃত্তাকার DNA না কাটা পর্যন্ত Lk (মোট জড়ানোর সংখ্যা) বদলায় না।

$$\mathbf{Lk = Tw + Wr}$$

এটি বৃত্তাকার (circular) DNA-র সবচেয়ে গুরুত্বপূর্ণ টপোলজিক্যাল নিয়ম। এই স্থির Linking Number-ই পরবর্তী রূপান্তরগুলোকে নিয়ন্ত্রণ করে। এখানে তিনটি শব্দ আছে—Linking, Twist, Writhe।

Lk =দুইটি DNA strand মোট কতবার একে অপরকে জড়িয়ে আছে তার সংখ্যা।

বৃত্তাকার DNA কাটাছেঁড়া না করলে Lk কখনো বদলায় না। এটি ঠিক পুরো সিস্টেমের "ফিক্সড" লকিং বা জড়ানোর পরিমাণ।

Twist (Tw)= এটি হলো দুইটি strand নিজে নিজে কতবার পাক খেয়েছে। অর্থাৎ DNA-এর হেলিক্সের মধ্যে আসল ঘূর্ণন।

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

Writhe (Wr)= এটি হলো DNA কতটা বেঁকেছে, লুপ করেছে বা ক্রস করেছে। ৩-ডিমেনশনে যে লুপ বা সুপারকয়েল তৈরি হয়- সেগুলো Writhe।

এখন বৃত্তটি স্থির, আর তার Linking Number = Lk।

কিন্তু DNA-এর ভেতরের পাক (Twist) পরিবর্তন হতে পারে—

- DNA একটু বেশি মোচড় খেলে
- বা একটু কম পাকালে
- বা টপোলজিক্যাল স্ট্রেস তৈরি হলে

এই পরিবর্তনগুলো Writhe নামক বড়-স্কেলের বক্রতা তৈরি করে। DNA বৃত্তের এক অংশ অন্য অংশের উপর উঠে আসে এবং একটি "X"-এর মতো প্রথম ক্রসিং তৈরি হয়।

এটি হচ্ছে $Wr \neq 0$ অবস্থার সূচনা। এটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ ধাপ। এখন DNA আর O নয়— এটি "ক্রসিং-সহ" একটি বিকৃত লুপ।

প্রকৃতি সবসময় কম-শক্তির (lowest energy) অবস্থা বেছে নেয়। যখন: Tw কমে গেছে/ বেড়েছে, Wr বাড়ছে, DNA চাপ সামলাতে চাইছে; তখন বৃত্তের সবচেয়ে স্থিতিশীল রূপ হয়— Figure 8 or Infinity Shape (Figure C). ফলে সিস্টেমের শক্তি কমে যায় → এটাই stable shape. তাই বৃত্ত → প্রথম ক্রসিং → Figure-8

এটি জ্যামিতিকভাবে O-এর চেয়ে একধাপ উচ্চতর Topology।



চিত্র ৩: ডিএনএ-র কাঠামোগত রূপান্তর—(A) লিনিয়ার ডিএনএ, (B) বৃত্তাকার ডিএনএ এবং (C) টপোলজিক্যাল চাপের ফলে গঠিত ফিগার-৮ (∞) আকৃতির সুপারকয়েলড ডিএনএ

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

লিনিয়ার DNA একদম সোজা সুতোর মতো, যার শুধু সামনে-পিছনে বাঁকানো বা মোড় নেওয়ার কিছু সীমিত freedom থাকে। প্রান্ত দু'টি আলাদা থাকায় এর degree of freedom তুলনামূলকভাবে কম। কিন্তু যখন এই সোজা সুতোটিকে বেঁকিয়ে প্রান্তগুলো জুড়ে বৃত্ত বানানো হয়, তখন DNA এক ধাপ উচ্চতর টপোলজিক্যাল স্তরে যায়—এখন আর শুরু বা শেষ নেই, পুরো লুপটি একক সিস্টেম হিসেবে আচরণ করে। এ অবস্থায় Linking Number স্থির হওয়ায় Twist ও Writhe-এর মধ্যে পারস্পরিক সমন্বয় বাধ্যতামূলক হয়ে পড়ে, ফলে বৃত্তের নিজস্ব degree of freedom আরও বেড়ে যায় (ঘুরতে পারে, সুপারকয়েল হতে পারে, নিজে নিজে ফোল্ড হতে পারে)। এই অতিরিক্ত স্বাধীনতাই বৃত্তকে ধীরে ধীরে আরও জটিল টপোলজিক্যাল আকৃতির দিকে চালিত করে। তাই যখন লুপে অতিরিক্ত মোচড় জমে, তখন বৃত্ত নিজের ওপর ভেঙে গিয়ে একটি ক্রসিং-সহ Figure-8 আকৃতি তৈরি করতে পারে। এই ০ থেকে 8-এ রূপান্তর আসলে degree of freedom-এর বৃদ্ধি এবং টপোলজিক্যাল চাপের স্বাভাবিক বিবর্তন (Evolution)—যেখানে DNA-র আচরণ সোজা বা বৃত্তের তুলনায় আরও সমৃদ্ধ এবং বহুমাত্রিক হয়ে ওঠে।

DNA–র জ্যামিতি আমাদের দেখায়—একটি সোজা, লম্বা স্ট্রাকচার যখন বৃত্তে (O) পরিণত হয়, তখন সেটি নিজের ভেতরের টান, ঘূর্ণন ও আন্তঃক্রিয়ার কারণে সহজেই দ্বি-লুপ বা figure-8 (∞)–এ রূপ নিতে পারে। এটি শুধু জৈববিজ্ঞানের ঘটনা নয়—পদার্থবিজ্ঞানে আমরা একই রূপান্তরের স্পষ্ট উদাহরণ দেখি, যেখানে সোজা তার, বৃত্তাকার লুপ এবং electromagnetic ক্ষেত্র মিলেই ঠিক একই পথ অনুসরণ করে।

যখন সোজা কোন তারের মধ্যে বিদ্যুৎ প্রবাহিত হয়, তখন তার চারদিকে স্বাভাবিকভাবেই বৃত্তাকারে চৌম্বক ক্ষেত্র (magnetic field lines) তৈরি হয়। এটি রাইট-হ্যান্ড রুল অনুযায়ী সবসময় তারকে ঘিরে একই দিকের ঘূর্ণন তৈরি করে। এখানে তারটি লিনিয়ার হওয়ায় চৌম্বক ক্ষেত্র কেবল তারের চারদিকে ঘোরে, কিন্তু সিস্টেমের আলাদা কোনও জটিল আকৃতি তৈরি হয় না। অর্থাৎ লিনিয়ার তার → বৃত্তাকার চৌম্বক ক্ষেত্র—এটা electromagnetism-এর প্রথম প্রমাণ যে বিদ্যুৎ প্রবাহ সরাসরি জ্যামিতিকে পরিবর্তন ঘটাতে পারে [8]।

কিন্তু যখন একই বিদ্যুৎ একটি বৃত্তাকার তারের মধ্যে প্রবাহিত হতে শুরু করে, তখন পরিস্থিতি হঠাৎ পরিবর্তিত হয়। বৃত্তাকার তারে প্রবাহিত কারেন্ট এমন একটি চৌম্বক ক্ষেত্র তৈরি করে যা আর শুধু তারকে ঘিরে থাকে না—এটি লুপের ভেতর এবং বাইরের অঞ্চলে দুটি আলাদা ঘূর্ণনকারী magnetic sub-loop তৈরি করে। লুপের উপরিভাগে ক্ষেত্ররেখা একদিকে ঘোরে, আর নিচের ভাগে উল্টো দিকে। এই দুই বিপরীতমুখী ঘূর্ণনকারী magnetic domain ক্রমশ একে অপরকে 'পুশ' করে এবং ক্ষেত্ররেখাগুলিকে সঙ্কুচিত হতে বাধ্য করে। যদি লুপটি খুব ছোট করা হয় বা দুই sub-loop খুব কাছাকাছি চলে আসে, তাহলে ক্ষেত্ররেখার বিন্যাস এমন একটি টপোলজিতে বিকশিত হয় যেখানে দুটি ঘূর্ণন একক ফ্লাক্স-ম্যানিফোল্ডের দুই লোব তৈরি করে—দেখতে অনেকটা একটি শুয়ে থাকা ∞ (infinity symbol)–এর মতো।

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

এভাবে বিদ্যুতের প্রবাহ জ্যামিতিকে পরিবর্তন করে: লিনিয়ার → বৃত্ত → দ্বি-লুপ ∞। এটাই পুরো ঘটনাটির পদার্থবৈজ্ঞানিক ব্যাখ্যা।



চিত্র ৪: তড়িৎপ্রবাহ ও চৌম্বক ক্ষেত্রের জ্যামিতিক বিবর্তন—(A) সোজা তারে প্রবাহিত বিদ্যুৎ থেকে বৃত্তাকার চৌম্বক ক্ষেত্রের সৃষ্টি, (B) বৃত্তাকার তারে বিদ্যুৎ প্রবাহের ফলে দ্বিমুখী ঘূর্ণনকারী চৌম্বক উপ-লুপের গঠন.

স্ট্রিং থিওরির গভীরেও এই জ্যামিতিক রূপান্তরের নীতিটি সক্রিয়: জগতের মৌলিক উপাদান হিসেবে যে বন্ধ বৃত্তাকার স্ট্রিংগুলি (O) কল্পনা করা হয়, তারা স্থিতিশীল নয়, বরং তারা গতিশীল এবং তাদের মধ্যে কম্পন বা মিথস্ক্রিয়া (Interaction) ঘটে। এই স্ট্রিংগুলি যখন উচ্চমাত্রার জ্যামিতিক চাপে পড়ে বা নিজেদের মধ্যে ক্রিয়া-প্রতিক্রিয়া করে, তখন তাদের সরল লুপের টপোলজিটি ভেঙে যায়।

দুটি লুপের মিথস্ক্রিয়া বা একটি একক লুপের স্ব-সংযোগের (Self-Intersection) ফলে ক্ষণিকের জন্য যে জটিল জ্যামিতি তৈরি হতে পারে, তার মধ্যে একটি হলো Figure-Eight (8) আকৃতি। এই O থেকে 8-এর দিকে যাত্রা কেবল স্ট্রিংগুলির কম্পনের ফলে সৃষ্ট কণা বা বলের মিথস্ক্রিয়াকেই নির্দেশ করে না, বরং এটি দেখায় যে কীভাবে একটি এক-মাত্রিক সরল কাঠামো তার গতিশীলতা এবং চাপ বজায় রাখার প্রয়োজনে আরও জটিল এবং বহু-মাত্রিক (D-branes বা উচ্চতর টপোলজি) কাঠামোর দিকে বিবর্তিত হয়, যা আমাদের মহাবিশ্বের অসীম জটিলতা ও ভিন্ন ভিন্ন মাত্রার অস্তিত্বকে ব্যাখ্যা করার চেষ্টা করে।

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

অতএব, শূন্য থেকে অনন্তের যাত্রা কোনো কাব্যিক অলংকারমাত্র নয়, আবার নিছক দার্শনিক কল্পনাও নয়। এটি একদিকে যেমন অন্তর্মুখী ক্রিয়ামূলক সাধনার অভিজ্ঞতা, অন্যদিকে তেমনই প্রকৃতি ও বিজ্ঞানের অন্তর্নিহিত জ্যামিতিক ও টপোলজিক্যাল সত্যের প্রতিফলন। গীতা, গুরুবাণী, পুরাণকথা ও আধুনিক বিজ্ঞান—সবাই যেন ভিন্ন ভাষায় একই মৌলিক সত্যের দিকেই ইঙ্গিত করে: কেন্দ্রের শূন্যতায় স্থিত হয়ে নিরবচ্ছিন্ন ক্রিয়ার মধ্য দিয়ে চললে সত্তা নিজেই অনন্তে রূপান্তরিত হয়। তখন আর আলাদা করে বিশ্বাস বা অবিশ্বাসের প্রশ্ন থাকে না—থাকে কেবল উপলব্ধি। শূন্য তখন আর অভাব নয়, সম্ভাবনা; আর অনন্ত তখন আর দূরের কোনো ধারণা নয়, বর্তমান মুহূর্তে প্রত্যক্ষ অভিজ্ঞতা।

কৃতজ্ঞতাস্বীকার:

সুজয় বিশ্বাস, যার ক্রমাগত অনুপ্রেরণায় আমি ক্রিয়ার বৈজ্ঞানিক দিকটি অনুসন্ধান করতে উৎসাহ পেয়েছিলাম।

তথ্যসূত্র:

1.https://www.holy-bhagavad-gita.org/
2.https://solar-center.stanford.edu/art/analemma.html
3.https://www.youtube.com/watch?v=DxREU4puGyc&t=244s
4.Stratton, Julius Adams. Electromagnetic theory. John Wiley & Sons, 2007.

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

ভালোবাসার সন্ধানে
- সুজয় বিশ্বাস
RYKYAI.org

আমরা অনেকেই প্রায়শই গুরুদেবের কাছে এসে শুনে থাকি, অনেকেই গুরুদেবকে বলেন যে- আপনাকে শুধু দেখতে এসেছি, আমার কিছু জিজ্ঞাসা নেই। আবার অনেকে বলে- বাবা আপনাকে ভালো লাগে তাই আসেছি, আবার অনেকেই তাদের নানান ধরনের প্রশ্ন নিয়েও আসে। এখন প্রশ্ন হচ্ছে কি এই 'ভালোলাগা' বা 'ভালোবাসা'? তার কত ধরণেরই বা প্রকারভেদ হয়ে থাকে? এক ধরনের ভালোবাসা হয় গুরুর প্রতি শিষ্যের ভালোবাসা, আবার একই সঙ্গে শিষ্যের প্রতি গুরুর যে ভালোবাসা। যার মধ্যে কোন স্বার্থ বা চুক্তি থাকে না। এখানে এই ভালোবাসার মধ্যে থাকে শুধুমাত্র আদান-প্রদান।

উপরে বলা কথাগুলো সঠিক ভাবে বোঝবার জন্য তৈত্তিরীয়োপনিষদ্ থেকে নেওয়া কিছু গুরু-শিষ্যের কথোপকথন এখানে উল্লেখ করা হলো। ঋষি ভৃগু একজন প্রসিদ্ধ ঋষি ছিলেন। তিনি বরুণদেবের পুত্র। তাঁর মনে পরমাত্মাকে জানার এবং তাঁকে লাভ করার উৎকট অভিলাষ হয়েছিল। তখন তিনি নিজ পিতা বরুণদেবের নিকট উপস্থিত হন। নিজ পিতৃসন্নিধানে উপস্থিত হয়ে ঋষি ভৃগু প্রার্থনা করলেন- 'ভগবন্! আমি ব্রহ্মকে জানতে ইচ্ছা করি। অতএব, কৃপাপূর্বক আমাকে ব্রহ্মতত্ত্ব বোঝান।' তখন বরুণদেব ঋষি ভৃগুকে বললেন 'তাত! অন্ন, প্রাণ, নেত্র, শ্রোত্র, মন এবং বাণী-এ সমস্ত ব্রহ্মোপলব্ধির দ্বার। এই সবে ব্রহ্মসত্তা স্ফুরিত হচ্ছে।

মহর্ষি ভৃগু পিতার উপদেশানুসারে নিশ্চয় করলেন যে, অন্নই ব্রহ্ম; এইভাবে নিশ্চয় করে তিনি পুনরায় পিতা বরুণদেবের নিকট উপস্থিত হলেন এবং নিজের অধীত জ্ঞান অনুসারে সমস্ত কথা বললেন। পিতৃদেব কিন্তু নিরুত্তর ছিলেন। তিনি ভাবলেন-'এ তো এখনো ব্রহ্মের স্থূল রূপকেই বুঝেছে, যথার্থ রূপ পর্যন্ত এর বুদ্ধি পৌঁছায়নি। অতএব, পুনঃ তপস্যা করে এর আরও বিচারের প্রয়োজন। বরুণদেব বললেন-'তুমি তপ দ্বারা ব্রহ্মতত্ত্ব হৃদয়ঙ্গম করার চেষ্টা করো।'

মহর্ষি ভৃগু পিতার উপদেশানুসারে তপ দ্বারা নিশ্চয় করলেন যে, প্রাণই ব্রহ্ম। সমস্ত প্রাণী প্রাণ দ্বারা উৎপন্ন অর্থাৎ এক জীবিত প্রাণী থেকে তার ন্যায় অন্য প্রাণীকে উৎপন্ন হতে প্রত্যক্ষ দেখা যায়। অতএব, সমস্ত প্রাণী প্রাণ দ্বারাই জীবিত। একথা নিশ্চয় করে ঋষিবর পুনরায় নিজ পিতৃদেবের সন্নিকটে উপস্থিত হলেন এবং পূর্বের ন্যায় নিজ নিশ্চয়ানুসারে অনুভূত তত্ত্ব পিতৃদেবকে জ্ঞাপন করলেন। পুনরায় পিতা নিরুত্তর। বরুণদেব তখন তাঁকে পূর্ববৎ বললেন- 'তুমি তপ দ্বারা ব্রহ্মকে জানার প্রচেষ্টা করো; তপই ব্রহ্ম, অর্থাৎ ব্রহ্মতত্ত্ব জানার একমাত্র প্রধান সাধন।'

পিতার উপদেশানুসারে ঋষি ভৃগু নিশ্চয় করলেন মনই ব্রহ্ম। মন থেকেই সকল প্রাণীর উৎপত্তি। একথা নিশ্চয় করে তিনি পুনরায় পূর্ববৎ পিতৃসকাশে পৌঁছে নিজের অনুভব উপস্থাপন করেন। এবারও পিতা নিরুত্তর। তখন বরুণদেব পুনরায় ওই উত্তরই দিলেন-'তুমি তপ দ্বারা ব্রহ্মতত্ত্ব উপলব্ধি করো। তপই ব্রহ্ম।

ঋষি ভৃগু পিতার উপদেশানুসারে একথা নিশ্চয় করলেন যে, বিজ্ঞানস্বরূপ চেতন জীবাত্মাই হলেন ব্রহ্ম। এই সমস্ত প্রাণী জীবাত্মা থেকেই উৎপন্ন। বরুণদেব ভাবলেন 'এবার তো ভৃগু অনেকটা এগিয়েছে।

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

ভৃগুর বিচার স্থূল থেকে সূক্ষ্ম হয়েছে। বরুণদেব ভাবলেন, অতএব উত্তর দেওয়া ঠিক হবে না, ভৃগুকে আরও তপস্যা করতে হবে। বরুণদেব পুনরায় পূর্ববৎ উত্তর দিলেন-'তুমি তপ দ্বারাই ব্রহ্মকে জানার ইচ্ছা করো। অর্থাৎ তপস্যাপূর্বক পূর্বকথনানুসারে বিচার করো। তপই ব্রহ্ম।'

এবার ঋষি ভৃগু পিতৃদেবের উপদেশে গভীর বিচারপূর্বক নিশ্চয় করলেন যে, আনন্দই ব্রহ্ম। এই আনন্দময় পরমাত্মাই অন্নময়াদি সকলের অন্তরাত্মা। ওই সমস্ত এঁরই স্থূলরূপ।সকলের জীবনের আধার হলেন একমাত্র আনন্দস্বরূপ পরমাত্মাই। তিনিই সর্বপ্রকারে সর্বদা সকলের আধার। এইরূপ অনুভূতি হওয়াতে ঋষি ভৃগুর পরব্রহ্মের যথার্থ জ্ঞান হল। তাঁর আর কোনো জিজ্ঞাসা রইল না। শ্রুতি স্বয়ং ওই বিদ্যার মহিমা জানিয়ে বলছেন-এটি সেই বরুণ দ্বারা কথিত এবং ভৃগুপ্রাপ্ত ব্রহ্মবিদ্যা। এই বিদ্যা বিশুদ্ধ আকাশস্বরূপ পরব্রহ্ম পরমাত্মায় স্থিত।

উপনিষদের এই আলোচনা থেকে আমরা বুঝতে পারলাম পিতৃরূপ গুরু তাকে নানাবিধ পরীক্ষার মাধ্যমে সত্যের প্রকৃত সন্ধানের উপলব্ধি করালেন। এইরূপ গুরু বা ইষ্ট ভক্তের সমস্ত সূক্ষ্ম, শুদ্ধচিন্তার তরঙ্গকে বোঝেন, বোঝেন ভক্তের চেষ্টাকে এবং তিনি মনকে সেই দিকেই (সত্যের পথে) চালিত করেন বিভিন্ন ঘটনার মধ্য দিয়েই। সংসার আমাদের প্রত্যেককেই এইরকম পরীক্ষা নিয়ে থাকে, শুধুমাত্র সত্যে প্রতিষ্ঠিত করবার জন্য। আমরা প্রত্যেকেই নানাবিধ পরীক্ষার মধ্যে দিয়েই চলেছি, কারণ এটি হচ্ছে সম্পূর্ণ শুদ্ধতার পথ, এই পথ দিয়ে যাওয়ার মধ্যে আমরা প্রত্যেকে শুদ্ধ হয়েই চলেছি অতএব এখানে কোন বলে দেওয়ার জায়গা থাকে না বলেই বোধ হয়। শুধু থাকে নীরবতা এবং আনন্দ। আমাদের শুধু ধৈর্য্য ধরে নিষ্ঠা সহকারে তাঁর প্রতি সমর্পণ রেখে কর্ম (সাধনা) করা দরকার। তখন তিনিই সব কর্মের ভার নিজে হাতে বহন করেন।

আবার অন্যদিকে আরেক ভালোবাসা হলো 'মা বা প্রকৃতি মা'- এর প্রতি সন্তানের নিঃস্বার্থ ভালোবাসা। এখানেও ভালোবাসার মধ্যে কোন চাওয়া-পাওয়া থাকে না। একজন মা'ই তার সন্তানকে প্রথম ভালোবাসার সাথে হাত ধরে চলতে শেখায়, আবার মা'ই সন্তানকে হাত ছেড়েও চলতে শেখায়, বিভিন্ন পরিস্থিতি কে অতিক্রম করবার জন্য প্রস্তুত করে দেন।

একাধারে ভগবানের প্রতি ভক্তের যে ভালোবাসা, তার মধ্যেও থাকে শুধুমাত্র সমর্পণ এখানেও কোন চাওয়া-পাওয়া থাকে না। যেমন চৈতন্য মহাপ্রভুর শ্রীকৃষ্ণের প্রতি ভালোবাসা, মিরা বাইয়ের শ্রীকৃষ্ণের প্রতি ভালোবাসা, ঠাকুর শ্রীরামকৃষ্ণ পরমহংসদেবের মা কালীর প্রতি ভালবাসা।

অতএব ভালোবাসা হচ্ছে একটা তরঙ্গ যেটা একে অপরের মধ্যে আদান-প্রদান করে দুইকে একই সমতা এনে দেয়, তবেই সেই মিল বন্ধন তৈরি হয়। উদাহরণস্বরূপ বলা যেতে পারে- ভক্ত শিরোমনি হনুমানজি শ্রী রামচন্দ্রকে বলছেন- 'যখন আমি ভক্ত তখন তুমি আমার প্রভু; আবার যখন তুমিও যা আমিও তাই- তখন আমি তুমি মিলে মিশে এক হয়ে যায়। তখন আর আমি তুমি থাকে না।' এ হচ্ছে ইষ্টের প্রতি এক ভক্তের সমর্পণিত শুদ্ধ ভালোবাসা। যেখানে ভক্ত ও ভগবান মিলে মিশে এক হয়ে যায়। যেখানে কোন চাওয়া-পাওয়া থাকে না।

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

আরো বলা যায়, সাধক রামপ্রসাদ যখন বেড়া বাঁধছেন তিনি দেখছেন মা কালী স্বয়ং নিজে হাতে তাঁর বেড়া বেঁধে দিচ্ছেন। এখানেও দুজনার মধ্যে ভালোবাসার তরঙ্গের আদান-প্রদান হয়ে সমর্পিত মন তাকে দেখাচ্ছেন।

অতএব ‘শুদ্ধ ভালবাসা’- এ এমন এক তরঙ্গ যা এ জগৎ সংসারে যে যেখানেই থাকুক না কেন, এই তরঙ্গ কোন কিছুরই বাধা মানে না। একে অপরকে ঠিক নিজেদের কাছে এনে দেয়। প্রসঙ্গত এখানে উল্লেখ করছি যে, অনেক গুপ্ত সাধকই জগৎ সংসারের বিভিন্ন জায়গায় থেকে তাঁরা তাঁদের সাধনা করে যাচ্ছেন জগৎ কল্যাণের জন্য। কিন্তু কিভাবে তাঁরা একে অপরের সঙ্গে যোগাযোগ রাখেন বা যোগাযোগ স্থাপন করেন? যেরকম পাঁচ কিলোমিটার দূরে লাগানো একটি বালব- পাঁচ কিলোমিটার দূরের থেকে যদি সুইচ দেওয়া হয়, বিদ্যুৎ তরঙ্গ পৌঁছে গিয়ে বালবকে জ্বলতে সাহায্য করে। এও ঠিক বিদ্যুৎ তরঙ্গেরই মতো আর এক তরঙ্গ। এই ভালোবাসার তরঙ্গ ছড়িয়ে আছে গোটা জগৎ সংসারে -অতএব যে এই অবস্থায় এসে এক হতে পারে তখন দূরত্বটা কোন প্রাধান্য রাখেনা। এই অবস্থায় এসে নিজে নিজেই সব কিছু এক হয়ে যায়, যেমনটা হনুমানজি এবং শ্রী রামচন্দ্রের উদাহরণে বলা হলো।

গুরুদেবের মুখে প্রায়শই শুনে থাকি যে ক্রিয়াতে কোন চুক্তি হয় না, গুরুর সাথে কোন চুক্তি হয় না। খুব স্থির মনে ভাবলে আমরা বুঝতে পারবো যে, যেখানেই চুক্তি আসে সেখানেই রয়েছে লাভ করার আশা- প্রত্যাশা, এবং সেইখান থেকেই জন্মায় চাহিদার, এবং চাহিদা পূর্ণ না হলে দুঃখ আসে, দুঃখ থেকে হয় অভিমান, এবং সেখান থেকে জন্মায় রাগ, এবং যা সাধকের সাধনার গতিপথকে পরিবর্তিত করে দেয়। অতএব আমাদের এই দিকটা সকলকেই ভাবতে হবে যে, আমরা যে যে পথেই থাকি না কেন এখানে শুধুমাত্র সম্পর্ক থাকা উচিত সাধনার সাথে এবং গুরুরূপী ঈশ্বরের সাথে।

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

কোন ভেদজ্ঞান এখানে না থাকাই ভালো। কারণ ভেদজ্ঞান থাকলেই সেখানে ছোট-বড়, উঁচু-নিচু নিয়ে বিচার চলে আসে এবং বিচার এলেই সেখানে মন সরল থেকে জটিলতার দিকে চলে যায়। অতএব সেখানে সাধকের স্বাভাবিকভাবেই মানসিক স্তরের বিচ্যুতি ঘটে। প্রত্যেকেই যে যে অবস্থাতেই থাকুক না কেন সেখান থেকে অন্য অবস্থায় (উচ্চ অবস্থায়) আসার চেষ্টা করে যেতে হবে শ্রী গুরুর আশ্রয়ে থেকে। আমাদের প্রত্যেককেই চেষ্টা করে যেতে হবে চাহিদা শূন্য হয়ে সমর্পিত মনে এই শুদ্ধ ভালোবাসাকে অর্জন করার। যেখানে কোন স্বার্থ থাকবে না, চুক্তি থাকবে না যেখানে থাকবে শুধুই সমর্পিত ভালোবাসা। জয় গুরুদেব।

 © 2011-26 RYKYM.org All Rights Reserved

ASHRAM PUBLICATION

RYKYM



















"আমার পূজা সৃষ্টি ছাড়া
গঙ্গাজলের নাইকো ছড়া,
ফুল লাগে না রাশি রাশি
হারিয়ে গেছে কোশা-কুশি।
সরে গেছেন কালী-তারা
আমি আত্ম দেখে আত্মহারা,
আমার পূজা সৃষ্টি ছাড়া
গঙ্গা জলের নাইকো ছড়া।
ঠাকুর দেবতা গেছি ভুলি
এবার শূণ্য সাথে কোলাকুলি,
যুক্ত মুক্ত ত্রিবেণীতে
এবার আমি ডুব মারি।
হারিয়ে যাওয়ার কথা ভেবে
নিজের পূজা নিজেই করি,
আমার পূজা সৃষ্টি ছাড়া
গঙ্গাজলের নাইকো ছড়া।"

- শ্যামাচরণ ক্রিয়াযোগ ও অদ্বৈতবাদ থেকে সংগৃহীত